

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website : www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.১২০.২০১৬- ২৩৬


তারিখ : ২৩/১/১১

বিষয় : রীট পিটিশন নং-২০৯২/২০১৬, বাদী জনাব মোঃ শামছুল হক, পিতা-মৃত মোতাহার উদ্দিন মোল্লাহ, মল্লিকপাড়া, পোস্ট-আমিনপুর, থানা-সোনারগাঁও, জেলা-নারায়ণগঞ্জ, বর্তমানে-২১, নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-বনাম-সরকার ও অন্যান্য।

মেঘনা ইন্ডাস্ট্রিজ ইকোনমিক জোন প্রতিষ্ঠার লক্ষ্যে সোনারগাঁ পৌরসভাধীন মেঘনা গ্রুপ অফ ইন্ডাস্ট্রিজ এর মালিকানাধীন ছোট শীলমাল্লি ও মল্লিকের পাড়া মৌজার ভোটার বিহীন তফসিল বর্ণিত অঞ্চল তৎসংলগ্ন প্রয়োজনীয় জমি সোনারগাঁ পৌরসভা হতে মোগড়াপাড়া ইউনিয়নে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে সোনারগাঁ পৌরসভার ৩নং ওয়ার্ডের অংশ মোগড়াপাড়া ইউনিয়ন পরিষদের ৭নং ওয়ার্ডের সাথে সংযুক্ত করে সীমানা পুনঃনির্ধারণ সংক্রান্ত বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ২০৯২/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে মামলাটি প্রতিদ্বন্দিতা করতঃ সময় সময় অত্র বিভাগকে অবহিত করতে হবে। ইংরেজিতে অনুচ্ছেদ ওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দণ্ডের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(সৈয়দ মোঃ নূরুল বাসির)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪০৯৯৫।

জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২। উপসচিব(পৌর-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সহকারী সচিব(ইপ-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।